



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**10 February 2026**

**7:35 AM IST**

উত্তর পূর্বাঞ্চলে গত ১১ বছরে প্রায় এক হাজার নয়শ কিলোমিটার নতুন রেল লাইন নির্মাণ করা হয়েছে এবং আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের রেল সংযোগ ব্যবস্থার উন্নতির লক্ষ্যে গ্রহন করা অমীমাংসিত বিভিন্ন প্রকল্পের কাজও ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে।

কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণৱ গতকাল গুয়াহাটী রেল স্টেশন থেকে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে শিলচর-সাইরাং ট্রেনের সূচনা করে একথা বলেন। এ উপলক্ষ্যে গুয়াহাটীতে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় রেল মন্ত্রীর সঙ্গে রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ, লোকসভার সাংসদ পরিমল শুরুবৈদ্য, সহ রেলের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন। এদিকে সাইরাং রেল স্টেশনে আয়োজিত অনুষ্ঠানে মিজোরামের মুখ্যমন্ত্রী লালডুহোমা উপস্থিত ছিলেন। রেলমন্ত্রী শ্রীবৈষ্ণৱ আরো বলেন

### ■ বাইট

উল্লেখ্য আন্ত-রাজ্য যোগাযোগ ব্যবস্থাকে আরো সুদৃঢ় করতে এবং যাত্রী পরিষেবাকে আরামদায়ক করে তুলতে এই ট্রেন শুরু করা হয়েছে। ট্রেনটি

শিলচর থেকে প্রতি মঙ্গল , বুধ , শুক্র , শনি ও রবিবার দুপুর একটায় ছাড়বে এবং সন্ধ্যা সাড়ে ছটায় সাইরাং পৌছবে ।

---

আসাম ৰাজ্য বিদ্যালয় শিক্ষা পৰ্ষদের অধীনে আজ থেকে ৰাজ্যের এক হাজার ৪৬ টি পরীক্ষা কেন্দ্রে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে । এ বছর ৰাজ্যে চার লক্ষ ৩৮ হাজার ৫শ ৬৫ জন শিক্ষার্থী মাধ্যমিক পরীক্ষায় এবং তিন লক্ষ ৩০ হাজার ৭শ ৪৪ জন শিক্ষার্থী উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষায় বসছে । ৰাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শৰ্মা ৰাজ্যের মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় অবতীৰ্ণ সব ছাত্র-ছাত্রীদের সাফল্য কামনা করে শুভেচ্ছা জানিয়েছেন ।

ৰাজ্যের মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষার জন্য সব জেলা প্রশাসন থেকে বেশ কিছু নীতি নিৰ্দেশনা জাৰি করা হয়েছে । নিৰ্দেশনা অনুযায়ী প্রকাশ্য স্থানে মাইক ব্যবহার করা যাবে না এবং পরীক্ষা কেন্দ্রের ভিতরে অনুমতিহীন ব্যক্তির চলাফেরা ও পরীক্ষা কেন্দ্রের বাইরে পাঁচশ মিটার ব্যাসার্ধের মধ্যে যানবাহন রাখা ও ভীড় জমানো নিষিদ্ধ করা হয়েছে ।

---

এদিকে শ্ৰীভূমি জেলার ৩৭ টি পরীক্ষা কেন্দ্রে এবছর ১৮ হাজার ২৮ জন ছাত্র-ছাত্রী মাধ্যমিক পরীক্ষায় অবতীৰ্ণ হচ্ছে । এরমধ্যে ছাত্রের সংখ্যা ৬ হাজার ৯৬৮ জন এবং ছাত্রীর সংখ্যা ১১ হাজার ৬০ জন । মাধ্যমিক পরীক্ষায় ৩৭ জন সেন্টার সুপারভাইজার নিয়োগ করা

হয়েছে। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পরীক্ষার্থীদের প্রতি কিছু নির্দেশনা জারি করা হয়েছে। এই অনুযায়ী পরীক্ষার্থীদের নিজ নিজ স্কুলের ইউনিফর্ম পরে পরীক্ষা কেন্দ্রে আসতে হবে। পরীক্ষা কেন্দ্রের গেটের ভেতরে ব্যাগ, বই, খাতা, পলিথিন প্যাকেট বা অন্য কোন সামগ্রী নিয়ে প্রবেশ করা যাবে না। মোবাইল, ঘড়ি, স্মার্ট ঘড়ি বা কোনধরনের ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না। পরীক্ষার্থীরা শুধুমাত্র এডমিট কার্ড, রেজিস্ট্রেশন কার্ড, এবং কলম নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে।

---

কাছাড় জেলা কৃষি বিভাগের উদ্যোগে সদ্য নিযুক্তি প্রাপ্ত ৮৫ জনেরও বেশী কৃষি সম্প্রসারণ সহায়কদের পরিচয় পর্ব এবং প্রশিক্ষণ কার্যসূচীর উদ্বোধন গতকাল করা হয়। ছ'দিন ব্যাপী আয়োজিত এই প্রশিক্ষণ কার্যসূচীর উদ্বোধন করেন জেলা কৃষি আধিকারীক ডঃ রাহুল চক্রবর্তী। প্রশিক্ষণ কার্যসূচীতে বিভাগের দ্বারা বাস্তবায়িত প্রধানমন্ত্রী কৃষি সিচাই যোজনা, জাতীয় ভোজ্য তেল মিশন তৈল-পাম, প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা, কৃষক পঞ্জিয়ন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে ২০২৬ সালের পয়লা জানুয়ারীকে ভিত্তি করে ভোটার তালিকার বিশেষ সংশোধনীর চূড়ান্ত তালিকা আজ প্রকাশ করা হবে। জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ বেলা ১২টায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে রাজনৈতিক দল ও সংবাদ মাধ্যমের

প্রতিনিধিদের উপস্থিতিতে এই তালিকা প্রকাশ করা হবে বলে জানানো হয়েছে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং কালাইন ডিগাবর চা বাগান কর্তৃপক্ষের সহযোগিতায় আগামী বৃহস্পতিবার ডিগাবর বাগানে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---

---